অপকর্ম বন্ধ ও ভূয়া সমন্বয়ক চিহ্নিত করতে মাঠে নেমেছে বৈশম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়করা

সারাদেশে চাঁদাবাজি, দূর্ণীতি’ দখলদারিত্ব বন্ধসহ ভূয়া সমন্বয়ক চিহ্নিত করতে মাঠে নেমেছে বৈশম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থীরা।

আজ মঙ্গলবার (১০ সেপ্টেম্বর) দুপুরে মেহেরপুর সদর উপজেলা পরিষদ হলরুমে আয়োজিত মতবিনিময় সভায় বক্তব্য দেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক ওয়াহিদ উজ জামান।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কেরা আজ মঙ্গলবার (১০ সেপ্টেম্বর) পৃথক সময়ে মেহেরপুরে পৃথক পৃথক মতবিনিময় সভা করেন।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়ক ওয়াহিদ উজ জামান শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, ৫ তারিখের পর সারাদেশে ভূয়া সমন্বয়ক সেজে নানা ধরনের অপকর্মে লিপ্ত রয়েছে এক শ্রেণীর ছাত্র। অভিযোগ উঠেছে, দেশে আগের মতোই কিছু স্বার্থন্বেশী মানুষ নিজেদের স্বার্থগুলো হাসিলের উদ্দেশ্যে নানা অপকর্ম করে বেড়াচ্ছে। ফ্যাসিস্ট সরকার বিতাড়িত হলেও তাদের পেতাত্মারা ভর করেছে তাদের মাঝে।
এসব অপকর্ম যাতে কেউ করতে না পারে সেই লক্ষে প্রতিটি জেলায় গিয়ে শিক্ষার্থী ও নাগরিকদের সচেতন করা হচ্ছে।

তিনি বলেন, ২০২৪-এর গণঅভ্যুত্থানে ঐক্যবদ্ধ হয়ে আন্দোলন করেছি। কিন্তু অভ্যুত্থানপরবর্তীকালে কিছু দুর্ঘটনা ঘটেছে। আমরা শিক্ষার্থীরা ঐক্যবদ্ধ হয়ে যেভাবে আন্দোলন করেছি, ঠিক তেমনিভাবেই এখনো আমাদেরকে ঐক্যবদ্ধ থেকে রাষ্ট্র সংস্কার ও মেরামত করতে হবে।’ আগামীতে কেমন বাংলাদেশ দেখতে চান, সেই বিষয়গুলো সাধারণ মানুষের কাছ থেকে জানার চেষ্টা করা হচ্ছে মতবিনিময় সভা থেকে।
তিনি বলেন, আমাদের দেড় হাজার ভাই ও বোনের রক্তের বিনিময় যে নতুন বাংলাদেশে পেয়েছি। সেই বাংলাদেশে বিনির্মানে সাধারণ মানুষের

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ফরহানা ফারিনা, ঢাকা কলেজের শিক্ষার্থী মঈনুল ইসলাম, বদরুন্নেছা কলেজের শিক্ষার্থী জান্নাত, এনইউ বির শিক্ষার্থী তৌহিদ ইসলাম শুভ, ডিআই ইউ এর শিক্ষার্থী মোঃ বাবু খান, খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী বিশ্বজিৎ দত্ত উপস্থিত ছিলেন।

ড. ইউনূসকে স্বাগত জানালেন সেনাপ্রধান ও সমন্বয়করা

দেশ পরিচালনার দায়িত্ব নিতে দেশে ফিরেছেন নোবেলজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। বৃহস্পতিবার (৮ আগস্ট) দুপুর ২টার পর তাকে বহনকারী বিমানটি শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে।

দেশে ফেরার পর তাকে স্বাগত জানান সেনাপ্রধান ওয়াকার-উজ-জামানসহ তিন বাহিনীর প্রধান ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়করা। এ ছাড়াও সেখানে উচ্চপদস্থ অনেক কর্মকর্তারা ছিলেন।

এর আগে বুধবার (৭ আগস্ট) তিনি ফ্রান্সের রাজধানী প্যারিসের চার্লস দ্য গল বিমানবন্দর থেকে ঢাকার উদ্দেশে রওনা করেন তিনি। বিমানবন্দরে তাকে কড়া নিরাপত্তা দেন ফ্রান্সের বিশেষ বাহিনীর সদস্যরা।

বুধবার ইউনূস সেন্টার থেকে বলা হয়েছিল, ড. মুহাম্মদ ইউনূস বৃহস্পতিবার দুপুরে বাংলাদেশে ফিরবেন। এমিরেটস এয়ারলাইনসের একটি ফ্লাইটে দুপুর ২টা ১০ মিনিটে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছানোর কথা রয়েছে তার।

অলিম্পিক কমিটির আমন্ত্রণে বিশেষ অতিথি হিসেবে প্যারিসে গিয়েছিলেন ড. ইউনূস। সেখানে তিনি চিকিৎসা নিয়েছেন, তার একটি ছোট অস্ত্রোপচার হয়েছে।

জানা গেছে, ড. ইউনূস সরকারপ্রধান হিসেবে আজ রাত ৮টায় বঙ্গভবনে শপথ নেবেন।

গতকাল বুধবার দেশবাসীর উদ্দেশে গণমাধ্যমে পাঠানো এক বার্তায় অধ্যাপক ইউনূস বলেছেন, ‘আমাদের কোনো প্রকার ভুলের কারণে এই বিজয় যেন হাতছাড়া হয়ে না যায়।’

এ সময় তিনি সবাইকে বর্তমান পরিস্থিতিতে শান্ত থাকতে এবং সব ধরনের সহিংসতা এবং স্থাবর ও অস্থাবর সম্পদ বিনষ্ট করা থেকে বিরত থাকতে আহ্বান জানিয়েছেন।

জানা গেছে, অন্তর্বর্তীকালীন সরকারের শপথ অনুষ্ঠানে রাজনৈতিক দলগুলোর প্রতিনিধি, সুশীল সমাজের প্রতিনিধি, বিভিন্ন দেশের রাষ্ট্রদূত, বিভিন্ন দাতা সংস্থার প্রতিনিধিসহ বিভিন্ন পর্যায়ের ৪০০ অতিথি উপস্থিত থাকবেন।

সূত্র: কালবেলা